৯

দৈনিক বাংলা

তারিখ 25 OCT 1995
পৃষ্ঠা ৫ কলাম ৭

# অসমাপ্ত বিদ্যালয় ভবন

সম্প্রতি বেশ কিছু বিদ্যালয় ভবন পাকা করা হচ্ছে। গ্রাম-গ্রামান্তরে অসংখ্য বিদ্যালয় ভবনে ইতিমধ্যে নতুন কর্মসূচী অনুযায়ী নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। মুখ্যত এ নির্মাণ কাজ এককালে সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে সীমাবদ্ধ থাকলেও কিছুদিন আগে এ নির্মাণ তালিকায় বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানও অন্তর্ভুক্ত করা হয়েছে।

থানায় থানায় অসংখ্য বিদ্যালয় উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হয়েছে। উন্নয়ন পরিকল্পনার বাইরেও অসংখ্য বিদ্যালয়ের ভবন নির্মাণের জন্য আর্থিক সাহায্য দেয়া হয়েছে। পত্রিকার পাতায় টেন্ডার নোটিশে এর প্রমাণ আছে প্রতিদিন। অর্থাৎ সরকারের পক্ষ থেকে প্রাথমিক শিক্ষা থেকে কলেজ পর্যন্ত প্রতিটি ক্ষেত্রে নতুন কর্মসূচী বাস্তবায়নের চেষ্টা করা হচ্ছে এবং বিভিন্ন খাতে আর্থিক সাহায্য দেয়া হচ্ছে। দেশে এমন কোন থানা নেই যেখানে এই উন্নয়নের ছাপ পড়েনি।

তবে বিপত্তি দেখা দিয়েছে টেন্ডার ও নির্মাণ কাজ নিয়ে। এ নির্মাণ কাজের টেন্ডারের জন্য প্রতিযোগিতার যেন শেষ নেই। এ প্রতিযোগিতার সাফল্য নির্ধারিত হচ্ছে টাকার অংকে। টেন্ডার পাবার জন্য যে অর্থ ব্যয় করা হচ্ছে, নির্মাণ কাজের জন্য বরাদ্দ অর্থ থেকে সে টাকাই বাদ যাচ্ছে। অর্থাৎ শেষ পর্যন্ত ব্যাহত হচ্ছে বিদ্যালয় ভবন নির্মাণ কার্যক্রম। কোথায়ও নবনির্মিত ভবন ভেঙে পড়ছে। কোথায়ও ভবন থেকে পানি পড়ছে। আবার কোথায়ও ভবন নির্মাণের কাজ সমাপ্তই হচ্ছে না বছরের পর বছর। বিষয়গুলি ভেবে দেখার মত।